# বাসাইল পৌরসভা কার্যালয়
বাসাইল, টাঙ্গাইল।

## সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোছাঃ আকলিমা বেগম, প্রশাসক, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল। |
| সভার তারিখ | : ০৪ ফেব্রুয়ারি ২০২৫। |
| সভার বার | : মঙ্গলবার। |
| সভার সময় | : বেলা ১০.০০ টা। |
| সভার স্থান | : বাসাইল পৌরসভা মিলনায়তন। |
| উপস্থিতি | : হাজিরা খাতায় সংরক্ষিত। |

অদ্যকার সভা বাসাইল পৌরসভার প্রশাসক জনাব মোছাঃ আকলিমা বেগম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। শুরুতে সভাপতি স্বাগত বক্তব্য রাখেন। তিনি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করতে পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন।

সভার আলোচনা ও সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

| নং | আলোচ্য সূচী | আলোচনা | সিদ্ধান্ত | **বাস্তবায়নকারী** |
|---|---|---|---|---|
| ০১ | গত ০৮ জানুয়ারি ২০২৫, অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | সভার সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মো. আব্দুর রাজ্জাক সকলকে শুভেচ্ছা জানান। তিনি সবাইকে পূর্ববর্তী সভার কার্যবিবরণী উপস্থাপন ও পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। | পূর্ববর্তী সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা । |
| ০২ | বাসাইল পৌরসভার নিয়ন্ত্রনাধীন বাসাইল হাট ও বাসাইল বাজার কসাইখানা ইজারা প্রদান প্রসঙ্গে। | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান, সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হইতে প্রাপ্ত আয়বন্টন সম্পর্কিত নীতিমালা ২০১১, অনুযায়ী বাসাইল পৌরসভা কার্যালয়ের স্মারক নং : বাসাপৌর/প্রশা/সাধা-৩৭২/২০২৫-৬৩, তারিখ : ২৮.০১.২০২৫, মোতাবেক বাসাইল পৌরসভার নিয়ন্ত্রাধীন বাসাইল হাট ও বাসাইল বাজার কসাইখানা বাংলা ১৪৩২ সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। যা টাঙ্গাইলের স্থানীয় দৈনিক মজলুমের কণ্ঠ পত্রিকায় গত ৩০.০২.২০২৫, প্রচার হয়েছে। বিজ্ঞপ্তির তফসীল মোতাবেক বাসাইল হাটের সম্ভাব্য সরকারি মূল্য =১২,৭৭,৭০০/- টাকা এবং বাসাইল বাজার কসাইখানা ইজারা মূল্য =৬০,৮০০/- টাকা নির্ধারিত হয়েছে। সিডিউল বিক্রয়ের শেষ তারিখ প্রথম বার ১৬.০২.২০২৫, দ্বিতীয় বার ২৪.০২.২০২৫, তৃতীয় বার ০৪.০৩.২০২৫ এবং দরপত্র দাখিল তারিখ প্রথম বার ১৭.০২.২০২৫, দ্বিতীয় বার ২৫.০২.২০২৫ ও তৃতীয় বার ০৫.০৩.২০২৫ নির্ধারিত রয়েছে।<br>আলোচনায় অংশ নিয়ে সভাপতি সরকারি হাট-বাজারের পণ্য ভিত্তিক টোল রেইট নির্ধারিত বা অনুমোদিত রয়েছে কিনা জানতে চান।<br>সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা বলেন, জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল এর স্মারক নম্বর ৩৮৩, তারিখ : ১৯.০৪.২০০৯, মোতাবেক সরকারি | বিস্তারিত আলোচনায় তফসীল অনুযায়ী বাসাইল হাট ও বাসাইল বাজার কসাইখানা ইজারা প্রদান কার্যক্রম সুন্দর ভাবে শেষ করার নিমিত্তে মাইকিংসহ প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখা এবং উপস্থাপিত টোল রেইট অনুমোদনের নিমিত্তে পুনরায় জেলা প্রশাসক, টাঙ্গাইল বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হাট-বাজার এর টোল চার্ট প্রদান করা হয়েছিল। যা বাংলা ১৪১৬ সাল থেকে কার্যকর বলে জানানো হয়েছিল। বাসাইল পৌর এলাকার হাট-বাজারের টোল রেইট অনুমোদনের নিমিত্তে ইতিপূর্বে জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছিল। তিনি সভায় টোল রেইট উপস্থাপন করেন। | | |
| ০৩ | চলমান উন্নয়মূলক কাজের অগ্রগতি প্রসঙ্গে। | পৌরসভার সহকারি প্রকৌশলী জনাব মো. রবিউল আলম বলেন, বাসাইল পৌর এলাকায় সরকারের বিভিন্ন প্রকল্পের মাধ্যমে চলমান উন্নয়ন কাজ বাস্তবায়নের নিমিত্তে সার্বক্ষনিক ঠিকাদারদের সঙ্গে আলোচনা ও দ্রুত কাজ শেষ করার তাগিদ দেয়া হচ্ছে। এ বিষয়ে সকলের সহায়তা প্রয়োজন।<br>তিনি ২০২৪-২০২৫ অর্থ বছরে বরাদ্দকৃত সরকারের বার্ষিক উন্নয়ন তহবিল থেকে উন্নয়ন কাজ বাস্তবায়নের নিমিত্তে গত ০৮ জানুয়ারি ২০২৫, অনুষ্ঠিত মাসিক সভায় উপস্থাপিত প্রকল্পের বিষয়ে সভায় আলোচনা করার অনুরোধ করেন।<br>আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন, উন্নয়ন প্রকল্প গ্রহণের ক্ষেত্রে জনগুরুত্বপূর্ণ বিষয়কে অগ্রাধিকার দিতে হবে। এজন্য উপস্থাপিত প্রকল্পগুলো পুনরায় যাচাই-বাছাই করা যেতে পারে। | বিস্তারিত আলোচনায় উপস্থাপিত প্রকল্পগুলোর অগ্রাধিকার তালিকা সঠিকভাবে প্রণয়নের জন্য প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্যগণের মাধ্যমে সংশ্লিষ্ট ওয়ার্ডের প্রকল্পগুলো যাচাই-বাছাই পূর্বক পরবর্তী সভায় উপস্থাপন ও প্রাক্কলন অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। | সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা। |
| ০৪ | ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রনে গৃহীত কার্যক্রম অব্যাহত রাখা প্রসঙ্গে। | প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটির সদস্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব ডা. শার্লী হামিদ বলেন, বাসাইল পৌর এলাকা ডেঙ্গু মুক্ত রাখতে চলমান কার্যক্রম অব্যাহত রাখাসহ সরকারি সকল নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে।<br>বিষয়ের উপর সদস্যবৃন্দ আলোচনা করেন। | বিস্তারিত আলোচনায় বাসাইল পৌর এলাকা ডেঙ্গু রোগমুক্ত রাখতে মশার উৎপত্তিস্থল ধ্বংসকরণ, পৌর এলাকার ড্রেনসহ রাস্তার জঙ্গল পরিস্কার ও স্প্রে প্রদান কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা/ সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা । |
| ০৫ | পৌরকর আদায় প্রসঙ্গে। | পৌর নির্বাহী কর্মকর্তা বলেন, বাসাইল পৌর এলাকার হোল্ডিং মালিকদের কাছ থেকে কর আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে খেলাপী হোল্ডিং মালিকদের তালিকা প্রস্তুত করে ইতিমধ্যে সংশ্লিষ্টদের কর পরিশোধের জন্য বিল ও পত্র প্রদান করা হয়েছে। তবে কাঙ্খিত কর আদায় হচ্ছে না। এ বিষয়ে সকলের সহযোগিতা প্রয়োজন। | বিস্তারিত আলোচনায় খেলাপী হোল্ডিং মালিকদের কাছ থেকে কর আদায়ের নিমিত্তে বাড়ি বাড়ি তাগিদ দেয়ার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা। |
| ০৬ | বিবিধ | আলোচনায় অংশ নিয়ে সভাপতি বলেন, বাসাইল পৌর এলাকায় সরকারি নির্দেশনা মোতাবেক শতভাগ জন্ম-মৃত্যু নিবন্ধন করতে হবে। এ বিষয়ে গত সভায় শিশু জন্মের আগে কিংবা জন্মের তথ্য পাওয়ার সঙ্গে সঙ্গে শিশুর জন্ম সংক্রান্ত শুভেচ্ছা বার্তার সঙ্গে জন্ম নিবন্ধন আবেদন ফরম সংশ্লিষ্টদের কাছে পৌছানো ও মৃত্যু সংবাদ পেলে পৌরসভার পক্ষ থেকে শোকবার্তাসহ মৃত্যু নিবন্ধন আবেদন ফর সংশ্লিষ্ট ব্যাক্তির পরিবারের সদস্যদের কাছে পৌছিয়ে দেয়ার সিদ্ধান্ত হয়। তিনি সে বিষয়ে অগ্রগতি | বিস্তারিত আলোচনায় শতভাগ জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম তরান্বিত করতে পৌর এলাকার সকল মসজিদের ইমাম, মুয়াজ্জিন, কবরস্থান পরিচালনা কমিটির সভাপতি ও সাধারণ | পৌর নির্বাহী কর্মকর্তা, বাসাইল পৌরসভা। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জানতে চান। তিনি মসজিদের ইমাম, মুয়াজ্জিন, কবরস্থান পরিচালনা কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক, মন্দিরের পুরহিত, শ্মশান ঘাট পরিচালনা কমিটির নেতৃবৃন্দসহ সুধীজনদের নিয়ে জরুরী ভিত্তিতে মতবিনিময় সভা আহ্বানের বিষয়ে সকলের মতামত চান। পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান, শিশু জন্মের আগে তথ্য পাওয়ার সঙ্গে সঙ্গে শুভেচ্ছা বার্তা ও ব্যাক্তির মৃত্যুতে শোক বার্তা পৌছানোর কার্যক্রম অব্যাহত রয়েছে। শতভাগ জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রমের সুবিধার্থে মতবিনিময় সভার আয়োজন করা যেতে পারে। | সম্পাদক, মন্দিরের পুরহিত, শ্মশান ঘাট পরিচালনা কমিটির নেতৃবৃন্দসহ সুধীজনদের নিয়ে মতবিনিময় সভা করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪-০২-২৫
(মোছাঃ আকলিমা বেগম)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।

স্মারক নং : বাসাপৌর/প্রশা/সাধা-০৮(অংশ-১)/২০১৫-৭৭ তারিখ : ০৪ ফেব্রুয়ারি ২০২৫।

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৩. জনাব ........................................................................................................, সদস্য, প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান কমিটি, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৪. পৌর নির্বাহী কর্মকর্তা/সহকারি প্রকৌশলী, বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৫. হিসাব রক্ষক (ভা.), বাসাইল পৌরসভা, টাঙ্গাইল।
৬. অফিস নথি।

০৪-০২-২৫
(মোছাঃ আকলিমা বেগম)
প্রশাসক
বাসাইল পৌরসভা
টাঙ্গাইল।